

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০০০.০৭৫.২২.০০২৯.২৫.০০৭

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩২ বঃ
১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রি:

বিষয়ঃ নন-লাইফ ইস্যুরেন্স ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারণী বিধিমালা, ২০১৮ এর সংশোধনী প্রস্তাবের উপর মতামত প্রদান।

বিদ্যমান নন-লাইফ ইস্যুরেন্স ব্যবসা ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারণী বিধিমালা, ২০১৮ এ বর্ণিত পরিমাণ অনুযায়ী নন-লাইফ বীমাকারীসমূহ কর্তৃক অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয় করায় বীমাকারীর আর্থিক সক্ষমতাতে বিরূপ প্রভাব পড়ছে এবং বীমাদাবী যথাযথভাবে ও যথাসময়ে নিষ্পত্তির ক্ষেত্রে ঝুঁকি সৃষ্টি হচ্ছে। যা, বীমা শিল্পের জন্য ক্ষতিকারক। বীমার প্রতি গ্রাহকদের আস্থা অক্ষুণ্ণ রাখা এবং বীমা দাবী যথাসময়ে পরিশোধের সক্ষমতা নিশ্চিতকল্পে ব্যবস্থাপনা ব্যয় সংকোচন করা প্রয়োজন মর্মে কর্তৃপক্ষের নিকট পরিলক্ষিত হওয়ায় বীমাকারীর ব্যবস্থাপনা ব্যয় সংকোচনের লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক বিষয়োক্ত বিধিমালার একটি সংশোধন খসড়া প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত)। প্রস্তুতকৃত খসড়া প্রজ্ঞাপন বিষয়ে সংশ্লিষ্ট অংশীজন/বিশেষজ্ঞ/জনসাধারণের সুচিন্তিত মতামত আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সফট কপি (মাইক্রোসফট ওয়ার্ডে নিকস ফন্টে) এবং হার্ডকপি (পিডিএফ) বর্ণিত ই-মেইলদ্বয়ে (officerlaw@idra.org.bd, mourynoshin@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২.০ উল্লেখ্য, বর্ণিত দুইটি ই-মেইল ব্যতিত সরাসরি হার্ডকপি গ্রহণযোগ্য নয় এবং বর্ণিত তারিখের মধ্যে ই-মেইল দুইটিতে মতামত না পাওয়া গেলে আপত্তি/মতামত নাই মর্মে কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

সংযুক্তি: বর্ণনামতে



মোহাঃ আব্দুল মজিদ, উপসচিব
পরিচালক (আইন)

ফোন: ০২- ৪১০৫১৩৮৫

ই-মেইল: directorlaw@idra.org.bd

সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইস্যুরেন্স এসোসিয়েশন
২. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইস্যুরেন্স ফোরাম
৩. পরিচালক, বাংলাদেশ ইস্যুরেন্স একাডেমি।

অনুলিপি (সদয় অবগতির জন্য):-

১. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ)
২. চেয়ারম্যানের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩. মিডিয়া এন্ড কমিউনিকেশন পরামর্শক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৪. নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৫. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৬. সদস্যগণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৭. অফিস কপি।